গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

# আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিগত ৩ বছরে ৫টি অনুসন্ধান কূপ (জকিগঞ্জ-১, শ্রীকাইল নর্থ-১এ, টবগী-১ , শরীয়তপুর-১ ও ইলিশা - ১) খনন সম্পন্ন হয়েছে। তন্মধ্যে জকিগঞ্জ-১ , টবগী-১ ও ইলিশা -১ অনুসন্ধান কূপ খনন সফলভাবে সম্পন্ন হয়েছে এবং বাণিজ্যিক গ্যাস আবিস্কৃত হয়েছে। কূপটি ৩টিতে যথাক্রমে দৈনিক ১০ ২০ ও ১৫ এমএমএসসিএফ গ্যাস উৎপাদনক্ষম করা হয়েছে । ১টি উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন সফলভাবে সম্পন্ন হয়েছে এবং কূপটি দৈনিক ২০ এমএমএসসিএফ গ্যাস উৎপাদনক্ষম করা হয়েছে। ৮ (আট)টি ওয়ার্কওভার (শাহবাজপুর-৩, শ্রীকাইল-৪, ফেঞ্চুগঞ্জ-৪, ফেঞ্চুগঞ্জ-৩, সিলেট-৮, বিয়ানীবাজার-১ ,সেমুতাং-৫ ও তিতাস - ২৪) কার্যক্রম সম্পন্ন হয়েছে। জরিপ কার্যক্রমের আওতায় ২৭৮ লাইন কি: মি: ভূতাত্ত্বিক জরিপ, ৩৬৯৪ লাইন কি. মি. দ্বিমাত্রিক এবং ২০০ বর্গ কি. মি. ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন হয়েছে। সর্বমোট ১২৩ বিসিএফ গ্যাস এবং ২৭ মি.লি কনডেনসেট উৎপাদিত হয়েছে। এছাড়াও শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের জন্য ৬০ এমএমসিএফডি ক্ষমতা সম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন করা হয়েছে। দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সর্বমোট ৫৩১৯ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাপেক্স অনুসন্ধান কার্যক্রমের প্রাথমিক ধাপ অতিক্রম করে অপেক্ষাকৃত জটিল ভূগাঠনিক ধাপে দ্বিতীয় পর্যায়ে পদার্পন করেছে। ফলে এ পর্যায়ে অনুসন্ধান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন সফট্ওয়্যার ও হার্ডওয়্যারসহ ওয়ার্ক-এসোসিয়েশন এর মাধ্যমে এক্সপ্লোরেশন এর জটিল পর্যায় মোকাবেলা করা একটা বড় চ্যালেঞ্জ। পাশাপাশি গ্যাসের চাহিদা পূরণে কোন গ্যাস ক্ষেত্র আবিস্কারের পর ফিল্ড এ্যাপ্রেইজ করে ক্ষেত্রের মজুদ সম্পর্কে যথাযথ মূল্যায়ন সাপেক্ষে ফিল্ড ডেভেলপমেন্ট প্ল্যান (FDP) এর আওতায় গ্যাস উৎপাদন করাটা আর একটি চ্যালেঞ্জ। বিভিন্ন স্পেসিয়ালাইজেশনের ক্ষেত্রে দেশী/বিদেশী উপদেষ্টা নিয়োগ করণ বাপেক্স কর্তৃক প্রস্তাবিত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে বড় চ্যালেঞ্জ। এছাড়াও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে বিশ্বব্যাপী ডলারের উর্দ্ধগতি এবং খনন মালামাল বিদেশ থেকে সময়মত আমদানী করা একটি বড় চ্যালেঞ্জ। প্রকল্প প্রণয়ন পরবর্তী সঠিক সময়ে প্রক্রিয়াকরণ ও অনুমোদন এবং ভূমি অধিগ্রহন সংক্রান্ত জটিলতা আরও একটি বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ এ বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভিষ্ট (SDG), ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, মন্ত্রণালয় কর্তৃক গৃহীত নীতিমালা/দলিল, সরকারের অন্যান্য কৌশলপত্র, বাজেট ও সময়ে সময়ে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে বাপেক্স কর্তৃক তেল/গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত পরিকল্পনা এবং ২০৪১ সাল পর্যন্ত বাপেক্স কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার আলোকে গ্যাসের ভবিষ্যৎ চাহিদা মেটানোর লক্ষ্যে ভূ-তাত্ত্বিক জরিপ ১৫৯০ লাইন কি.মি., দ্বিমাত্রিক জরিপ ২০,৭২০ লাইন কি.মি. এবং ত্রিমাত্রিক জরিপ ৬,৮৮০ বর্গ কি.মি. সম্পন্ন করা হবে। গ্যাসের মজুদ বৃদ্ধির জন্য অনুসন্ধান কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটানোর লক্ষ্যে বাপেক্স কর্তৃক বিভিন্ন পরিকল্পনা অব্যাহত আছে। যা সাইসমিক তথ্য-উপাত্তের উপর ভিত্তি করে অনুসন্ধান কূপের সংখ্যা এবং অনুসন্ধান কূপের সাফল্যের উপর ভিত্তি করে উন্নয়ন কূপের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ সকল কূপ হতে আনুমানিক দৈনিক ১৬৯ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন হবে বলে আশা করা যায়।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ভূতাত্ত্বিক জরিপ-৮৫ লাইন কি. মি. (পটিয়া);  দ্বিমাত্রিক জরিপ-১০০০ লাইন কি. মি. ( ৬বি সাউথ, ১০);  ত্রিমাত্রিক জরিপ-৩০০ বর্গ কি.মি. (পাথারিয়া স্ট্রাকচার);
- অনুসন্ধান কূপ খনন-১টি (এসজিএফএল এর কৈলাসটিলা -৮);  উন্নয়ন কূপ- ২টি (সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ -৪ (ওয়েষ্ট))  ওয়ার্কওভার-২টি (,এসজিএফএল এর ২টি রশিদপুর -২ ও রশিদপুর -৫);
- মোট গ্যাস উৎপাদন-৪৫.০ বিসিএফ এবং মোট কনডেনসেট উৎপাদন-৬.০ মি. লি.।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন-এর মধ্যে ২০২৩ সালের ....জুন........ মাসের ....২১........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে তৈল/গ্যাস অনুসন্ধান ও উত্তোলনে শীর্ষস্থানীয় জাতীয় প্রতিষ্ঠান হিসাবে সক্ষমতা অর্জন করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

 কারিগরি ও আর্থিকভাবে স্বয়ংসম্পূর্ণ এবং আন্তর্জাতিক মানসম্পন্ন প্রতিষ্ঠান হিসাবে বাপেক্সকে প্রতিষ্ঠা করা এবং

 ভূতাত্ত্বিক, ভূপদার্থিক, খননসহ বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে তৈল/গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. জ্বালানির সার্ভে কার্যক্রম জোরদার করণ
২. জ্বালানির অনুসন্ধান
৩. প্রাকৃতিক গ্যাস ও গ্যাস উপজাত পণ্য উৎপাদন
৪. স্মার্ট বাপেক্স গড়ে তোলার লক্ষ্যে মানব সম্পদ উন্নয়ন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. তৈল/গ্যাস অনুসন্ধানের লক্ষ্যে নতুন সম্ভাবনাময় ভূগঠন এবং এলাকা সনাক্তসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা;
২. ভূতাত্ত্বিক, দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক জরিপ কার্যক্রম পরিচালনাসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা;
৩. ওয়ার্কওভারসহ অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন পরিচালনাসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা;
৪. কোম্পানীর নিজস্ব গ্যাস ক্ষেত্র হতে নিরবচ্ছিন্নভাবে গ্যাস উৎপাদন নিশ্চিতসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা;
৫. বিভিন্ন ধরনের জরিপ, অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন সম্পর্কিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা
৬. বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক কোম্পানির সাথে নানান ধরণের সেবামূলক এবং যৌথ সহযোগিতা চুক্তিসম্পাদনসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| গ্যাসের মজুদ ও উৎপাদন বৃদ্ধি | গ্যাস উৎপাদন | বিসিএফ | ৫০.০১ | ৩৭.৯৩ | ৪৫.০০ | ৪৬.০০ | ৪৭.০০ | ১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ২। বিদ্যুৎ বিভাগ ৩। পরিকল্পনা কমিশন ৪। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ৫। অর্থ মন্ত্রণালয় ৬। জনপ্রশাসন মন্ত্রণালয় ৭। পেট্রোবাংলা | এম আই এস, মাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি। |
| | কনডেনসেট উৎপাদন | মি,লি, | ১১.১৬৩ | ৭.৯৬ | ৬.০০ | ৭.০০ | ৮.০ | ১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ২। বিদ্যুৎ বিভাগ ৩। পরিকল্পনা কমিশন ৪। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ৫। অর্থ মন্ত্রণালয় ৬। জনপ্রশাসন মন্ত্রণালয় ৭। পেট্রোবাংলা | এম আই এস, মাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] জ্বালানির সার্ভে কার্যক্রম জোরদার করণ | ২৪ | [১.১] ভূতাত্ত্বিক জরিপ | [১.১.১] জরিপকৃত | সমষ্টি | লা,কি,মি | ৮ | ৯৮ | ৮০ | ৮৫ | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ | ৮০ | ৮৫ |
| | | [১.২] দ্বিমাত্রিক জরিপ | [১.২.১] জরিপকৃত | সমষ্টি | লা,কি,মি | ৮ | ৫০০ | ১৩০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১২০০ | ১৫০০ |
| | | [১.৩] ত্রিমাত্রিক জরিপ | [১.৩.১] জরিপকৃত | সমষ্টি | ব,কি,মি | ৮ | | ২০০ | ৩০০ | ২৮০ | ২৬০ | ২৫০ | ২২৫ | ৩০০ | ৫০০ |
| [২] জ্বালানির অনুসন্ধান | ২৪ | [২.১] অনুসন্ধান কূপ খনন | [২.১.১] অনুসন্ধান খননকৃত কূপ | সমষ্টি | সংখ্যা | ৬ | ১ | ২ | ১ | | | | | ১ | ১ |
| | | [২.২] উন্নয়ন কূপ খনন | [২.২.১] উন্নয়ন খননকৃত কূপ | সমষ্টি | সংখ্যা | ৮ | ১ | | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [২.৩] ওয়ার্কওভার | [২.৩.১] ওয়ার্কওভার সম্পন্ন | সমষ্টি | সংখ্যা | ১০ | ৩ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| [৩] প্রাকৃতিক গ্যাস ও গ্যাস উপজাত পণ্য উৎপাদন | ১২ | [৩.১] গ্যাস উৎপাদন | [৩.১.১] গ্যাস উৎপাদিত | সমষ্টি | বিসিএফ | ৬ | ৩৫.২১ | ৩৭.৯৩ | ৪৫.০০ | ৪২.০০ | ৪০.০০ | ৩৮.০০ | ৩৫.০০ | ৪৬.০০ | ৪৭.০০ |
| | | [৩.২] পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন | [৩.২.১] কনডেনসেট উৎপাদিত | সমষ্টি | মিলিয়ন লিটার | ৬ | ৮.৩৩ | ৭.৯৩ | ৬.০০ | ৫.৫ | ৫.০০ | ৪.৫ | ৪.০০ | ৭.০০ | ৮.০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৪] স্মার্ট বাপেক্স গড়ে তোলার লক্ষ্যে মানব সম্পদ উন্নয়ন | ১০ | [৪.১] মানব সম্পদ উন্নয়ন | [৪.১.১] প্রশিক্ষণ গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ৬ | ২৩২৮ | ৯৮০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ১১০০ | ১১০০ |
| | | [৪.২] আভ্যন্তরীন শিখন সেশন | [৪.২.১] শিখন সেশন পরিচালন | সমষ্টি | সংখ্যা | ২ | | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৪ | ৪ |
| | | [৪.৩] নিয়োগ প্রদান সম্পন্ন | [৪.৩.১] নিয়োগ প্রদান সম্পন্ন | তারিখ | তারিখ | ২ | | | ৩১.১২.২৩ | ৩১.০১.২৪ | ২৯.০২.২৪ | ৩১.০৩.২৪ | ৩০.০৪.২৪ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২১-০৬-২০২৩

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড
প্রোডাকশন কোম্পানী লিঃ

তারিখ

২৭৬/২০২৩

চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ
করপোরেশন

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | FDP | Field Development Plan |
| ২ | SDG | Sustainable Development Goals |
| ৩ | আইএমইডি | ইমপ্লিমেন্টেশন, মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন ডিভিশন |
| ৪ | এইচআরএম | হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট |
| ৫ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৬ | এমএমএসসিএফডি | মিলিয়ন স্ট্যান্ডার্ড কিউবিক ফিট পার ডে |
| ৭ | এসআইপি | স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট |
| ৮ | জিটিসিএল | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড |
| ৯ | জিডিএফ | গ্যাস ডেভলপমেন্ট ফান্ড |
| ১০ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোপোজাল/প্রোফরমা |
| ১১ | পিআরএল | পোষ্ট রিটায়ারমেন্ট লিভ |
| ১২ | পিসিআর | প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট |
| ১৩ | পেট্রোবাংলা | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন |
| ১৪ | বর্গ কি.মি. | বর্গ কিলোমিটার |
| ১৫ | বাপেক্স | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড। |
| ১৬ | বিসিএফ | বিলিয়ন কিউবিক ফিট |
| ১৭ | মি.লি. | মিলিয়ন লিটার |
| ১৮ | লা.কি.মি. | লাইন কিলোমিটার |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] ভূতাত্ত্বিক জরিপ | [১.১.১] জরিপকৃত | ভূতাত্ত্বিক বিভাগ, বাপেক্স | মাসিক প্রতিবেদন, চূড়ান্ত ভূতাত্ত্বিক প্রতিবেদন। |
| [১.২] দ্বিমাত্রিক জরিপ | [১.২.১] জরিপকৃত | ভূপদার্থিক বিভাগ, বাপেক্স | আইএমইডি প্রতিবেদন, প্রকল্প এলাকার পরিদর্শন প্রতিবেদন। |
| [১.৩] ত্রিমাত্রিক জরিপ | [১.৩.১] জরিপকৃত | ভূপদার্থিক বিভাগ, বাপেক্স | আইএমইডি প্রতিবেদন, প্রকল্প এলাকার পরিদর্শন প্রতিবেদন। |
| [২.১] অনুসন্ধান কূপ খনন | [২.১.১] অনুসন্ধান খননকৃত কূপ | খনন/প্রকৌশল/ ভূতাত্ত্বিক/ টেকনিক্যাল সার্ভিসেস/ প্রশাসন এবং হিসাব ও অর্থ বিভাগসহ সকল বিভাগ, বাপেক্স | আইএমইডি প্রতিবেদন, প্রকল্প এলাকার পরিদর্শন প্রতিবেদন, পিসিআর। |
| [২.২] উন্নয়ন কূপ খনন | [২.২.১] উন্নয়ন খননকৃত কূপ | খনন/প্রকৌশল/ ভূতাত্ত্বিক/ টেকনিক্যাল সার্ভিসেস/ প্রশাসন এবং হিসাব ও অর্থ বিভাগসহ সকল বিভাগ, বাপেক্স | আইএমইডি প্রতিবেদন, প্রকল্প এলাকার পরিদর্শন প্রতিবেদন, পিসিআর। |
| [২.৩] ওয়ার্কওভার | [২.৩.১] ওয়ার্কওভার সম্পন্ন | খনন/প্রকৌশল/ ভূতাত্ত্বিক/ টেকনিক্যাল সার্ভিসেস/ প্রশাসন এবং হিসাব ও অর্থ বিভাগসহ সকল বিভাগ, বাপেক্স | আইএমইডি প্রতিবেদন, প্রকল্প এলাকার পরিদর্শন প্রতিবেদন, পিসিআর। |
| [৩.১] গ্যাস উৎপাদন | [৩.১.১] গ্যাস উৎপাদিত | উৎপাদন/ প্রশাসন/ হিসাব ও অর্থ বিভাগসহ সকল বিভাগ, বাপেক্স | মাসিক প্রতিবেদনের কপি |
| [৩.২] পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন | [৩.২.১] কনডেনসেট উৎপাদিত | উৎপাদন/ প্রশাসন/ হিসাব ও অর্থ বিভাগসহ সকল বিভাগ, বাপেক্স | মাসিক প্রতিবেদনের কপি |
| [৪.১] মানব সম্পদ উন্নয়ন | [৪.১.১] প্রশিক্ষণ গ্রহণ | এইচআরএম উপবিভাগ, প্লানিংও আই,সি,টি বিভাগ, বাপেক্স | অফিস আদেশ, প্রশিক্ষন তালিকা, প্রতিবেদনের কপি |
| [৪.২] আভ্যন্তরীন শিখন সেশন | [৪.২.১] শিখন সেশন পরিচালন | এইচআরএম উপবিভাগ, প্লানিংও আই,সি,টি বিভাগ, বাপেক্স | অফিস আদেশ, প্রশিক্ষন তালিকা, প্রতিবেদনের কপি |
| [৪.৩] নিয়োগ প্রদান সম্পন্ন | [৪.৩.১] নিয়োগ প্রদান সম্পন্ন | প্রশাসন বিভাগ, বাপেক্স | অফিস আদেশ, ওয়েব সাইটে প্রকাশ |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন | কনডেনসেট উৎপাদিত | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| গ্যাস উৎপাদন | গ্যাস উৎপাদিত | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| আভ্যন্তরীন শিখন সেশন | শিখন সেশন পরিচালন | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষণ গ্রহণ | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| ওয়ার্কওভার | ওয়ার্কওভার সম্পন্ন | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| উন্নয়ন কূপ খনন | উন্নয়ন খননকৃত কূপ | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| অনুসন্ধান কূপ খনন | অনুসন্ধান খননকৃত কূপ | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| ত্রিমাত্রিক জরিপ | জরিপকৃত | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| দ্বিমাত্রিক জরিপ | জরিপকৃত | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |
| ভূতাত্ত্বিক জরিপ | জরিপকৃত | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন | পত্র যোগাযোগ ই-নথি ই-মেইল টেলি-যোগাযোগ সভা (অনলাইন/সরাসরি) |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ